আলোকিত বাংলাদেশ

ঢাবি প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা

আলোকিত ডেস্ক : ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা গতকাল বৃহস্পতিবার বিভাগের কামালউদ্দিন আহমেদ লেকচার গ্যালারিতে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মো. জাকির হোসেন হাওলাদারের সভাপতিত্বে অনুষ্ঠানে জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. এনামুল হক বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. রফিকুর রহমান, অধ্যাপক ড. ইশতিয়াক মাহমুদ, অধ্যাপক ড. মামুন রশীদ চৌধুরী, অধ্যাপক ড. লায়লা নূর ইসলাম, অধ্যাপক ড. হাসিনা খান, অধ্যাপক ড. জেবা ইসলাম সেরাজ এবং অধ্যাপক ড. ইয়াকুব কবীর বক্তব্য প্রদান করেন। ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ রিয়াজুল ইসলাম সমাপনী বক্তব্য দেন। প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ নবীন শিক্ষার্থীদের স্বাগত জানিয়ে বলেন, এ বিভাগে রয়েছে আন্তর্জাতিক মানের শিক্ষক ও গবেষক। শিক্ষার্থীদের ভবিষ্যৎ ক্যারিয়ার গঠনে এই বিভাগ দায়িত্বশীল ভূমিকা পালন করবে। নিয়মানুবর্তিতা ও সময়ানুবর্তিতা অনুসরণ এবং কঠোর পরিশ্রমের মাধ্যমে আন্তর্জাতিক মানের গ্র্যাজুয়েট হিসেবে গড়ে উঠার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। পড়াশোনার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ে সহ-শিক্ষামূলক কর্মকাণ্ডে অংশগ্রহণের উপর তিনি গুরুত্বারোপ করেন। সূত্র: সংবাদ বিজ্ঞপ্তি

কালবেলা

অমর একুশে উদযাপনে ঢাবির প্রস্তুতি সভা

অমর একুশে উদযাপনে ঢাবির প্রস্তুতি সভা

অমর একুশে ফেব্রুয়ারি 'শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উদযাপন প্রস্তুতি উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) কেন্দ্রীয় সমন্বয় কমিটির প্রস্তুতি সভা ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

জনসংযোগ দপ্তরের পরিচালক মোহাম্মদ রফিকুল ইসলাম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এ উপলক্ষে গঠিত কেন্দ্রীয় সমন্বয় কমিটির সমন্বয়কারী ও সভাপতি মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. মো. মোর্শেদ হাসান খান, যুগ্ম সমন্বয়কারী বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম ও সদস্য সচিব প্রক্টর অধ্যাপক সাইফুদ্দীন আহমদ, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মুনসী শামস উদ্দিন আহম্মদসহ বিভিন্ন উপকমিটির আহ্বায়ক ও সদস্য সচিবরা এতে উপস্থিত ছিলেন।